একই স্মারক ও তারিখে প্রতিস্থাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা।
www.lgd.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

নং-৪৬.০০.০০০০.০৬৪.১৫.১৩১.২২-২১৯ তারিখঃ ০৪/০৪/২০২৪খ্রিঃ।

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ, হিসাব ভবন (৫ তলা, গেট-৪)
সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্নয়ন বাজেটে-২২১০০০৫০০ পৌরসভাসমূহের জন্য উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ খাতের "সাধারণ/নিয়মিত থোক/উন্নয়ন" থোক উপখাতে বরাদ্দকৃত অর্থের ৩য় কিস্তির অর্থ অবমুক্তকরণ।

মহোদয়,

অর্থ বিভাগের ৩০/৮/২০০০ইং তারিখের অম/অবি/উঃ ১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটে পৌরসভাসমূহের জন্য উন্নয়ন সহায়তা খাতে বরাদ্দকৃত ৪০০.০০ কোটি (চারশত কোটি) টাকা হতে সাধারণ উপখাতে রক্ষিত ২৩৪.০০ কোটি টাকা হতে ৩য় কিস্তি বাবদ ১,২৫,৩১,০০০/- (এক কোটি পঁচিশ লক্ষ একত্রিশ হাজার) টাকা ০৭ টি পৌরসভার অনুকূলে নিম্নবর্ণিতভাবে ছাড়করণে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করা হলোঃ

| ক্রঃ নং | পৌরসভার নাম | শ্রেণী | জেলার নাম | বরাদ্দকৃত অর্থ (লক্ষ টাকায়) | ক্রঃ নং | পৌরসভার নাম | শ্রেণী | জেলার নাম | বরাদ্দকৃত অর্থ (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | মুন্সীগঞ্জ | ক | মুন্সীগঞ্জ | ১৯.০০ | ৫. | আমতলী | ক | বরগুনা | ১৮.০০ |
| ২. | পটুয়াখালী | ক | পটুয়াখালী | ১৯.০০ | ৬. | বকশীগঞ্জ | গ | জামালপুর | ১৬.৬৫৫ |
| ৩. | ত্রিশাল | ক | ময়মনসিংহ | ১৮.০০ | ৭. | শিবগঞ্জ | গ | বগুড়া | ১৬.৬৫৫ |
| ৪. | তাহেরপুর | ক | রাজশাহী | ১৮.০০ | | | | | |

০২। উপরোক্ত অর্থ অনুদান হিসেবে দেয়া হলো।

০৩। ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত ১৩৭০১/১৩৭০১০১/২২১০০০৫০০/৪১১১৩১৭ (আইবাস এন্ট্রি কোড-৪১১১৩১৭) হতে এ ব্যয় মিটানো হবে।

০৪। সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/প্রশাসক ও প্রধান নির্বাহী কর্মকর্তা/পৌর নির্বাহী কর্মকর্তাগণ যৌথভাবে এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

০৫। এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে এ বিভাগ হতে জারীকৃত পৌরসভা উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৬। এ অর্থ কোন অবস্থাতেই পৌরসভার উন্নয়ন কর্মকান্ড ব্যতীত অন্য কোন কাজে ব্যয় করা যাবে না। এমন কি বিএমডিএফ এর ঋণের কিস্তিও এই অর্থে পরিশোধ করা যাবে না।

০৭। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

০৮। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল উত্তোলনকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।

০৯। পৌর এলাকায় স্যানিটেশন সুবিধা ১০০% নিশ্চিতকরণের উদ্দেশ্যে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ২০% অর্থ স্যানিটেশন প্রকল্প/স্কীম বাস্তবায়নে ব্যয় করতে হবে।

১০। এ অর্থ ছাড়করণে অর্থ বিভাগ কর্তৃক ২১/০১/২০২৪ খ্রিঃ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৭.২০১১-০৭ নং স্মারকে ৩য় কিস্তি ছাড়ের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(ড. সালমা সিদ্দিকা)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
E-Mail: lgpaura2@lgd.gov.bd

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

E:\Iqbal OM Data\ADDAGO 2023-24\ ৩য় কিস্তি ৭ টি - অবমুক্ত.doc

নং-৪৬.০০.০০০০.০৬৪.১৫.১৩১.২২-২১৯ তারিখঃ ০৪/০৪/২০২৪খ্রিঃ।

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'লঃ</u>

০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় {দৃঃ আঃ উপসচিব (বাজেট-১১)}।
০২। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
০৩। জেলা প্রশাসক (সকল), জেলা................................।
০৪। মেয়র/প্রশাসক,....................................পৌরসভা, জেলাঃ............................।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা:.............................. জেলা:..................................।
০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা..................................।
০৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, উপজেলা..............................জেলাঃ................................।

(ড. সালমা সিদ্দিকা)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২